

ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(২৩৯) দু'আ ইসে-ফতাহ বা নামায শুরুর দু'আ (ছানা) পাঠ করার হুকুম কি?

নামায শুরুর ছানা ফরয-সুন্নাত সকল ছালাতে পাঠ করা সুন্নাত- ওয়াজিব নয়।

উচিৎ হচ্ছে মুছল্লী নামায শুরুর দু'আ সমূহ থেকে একবার এটা একবার ওটা পাঠ করবে। যাতে করে সকল সুন্নাতের উপর আমল করা সম্ভব হয়। একটি দু'আ ছাড়া আর কিছু জানা না থাকলেও কোন অসুবিধা নেই। বাহ্যিকভাবে বুঝা যায় রাসূলুল্লাহ (ছাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একই ক্ষেত্রে বিভিন্ন ধরনের দু'আ পাঠ করেছেন। যেমন, নামাযের শুরুতে, তাশাহুদে, নামাযের পরের যিকির। এধরনের বিভিন্নতার উদ্দেশ্য হচ্ছে উম্মতের জন্য সহজ করা। এর দু'টি উপকারিতা আছেঃ

প্রথম উপকারিতাঃ মানুষ সর্বদা এক ধরনের দু'আ পাঠ করবে না। কেননা একটা বিষয় সর্বদা করতে থাকলে সেটা সাধারণ অভ্যাসে পরিণত হয়ে যায়। ফলে অনেক সময় উদাসীনতা বা অলসতা থাকলেও অভ্যাস বশতঃ তা হয়ে যায়। তখন অন্তরের উপস্থিতি সেখানে দুর্বল হয়ে যায়। কিন্তু দু'আগুলো থেকে যদি কখনো এটা কখনো ওটা পাঠ করে তবে অন্তর উপস্থিত থাকে। যা বলে তা বুঝার দরকার পড়ে।

দ্বিতীয় উপকারিতাঃ উম্মতের জন্য সহজ করা। যার জন্য যেটা সহজ হবে সেটাই পাঠ করবে। সময় ও প্রয়োজন মোতাবেক কখনো এটা কখনো ওটা পাঠ করবে।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=769>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন